

বেঙ্গল সাফারিতে হিমালয়ান ব্ল্যাক বিয়ারের সফল প্রজনন

সন্তানকে
কোলছাড়া
করছে
না ফুর্বু

রাহুল মজুমদার

শিলিগুড়ি, ২১ এপ্রিল : বাঘের পর এবার ভালুক। শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে ২৬ দিন আগে সুস্থ সন্তানের জন্ম দিয়েছে হিমালয়ান ব্ল্যাক বিয়ার ফুর্বু। পুরুষ সঙ্গী ধ্রুবর সঙ্গে গত বছরের জুলাই মাসে মিলনের পরেই অগাস্ট মাসে ফুর্বু গর্ভবতী হয়। গত ২৭ মার্চ সন্ধ্যা ৬টা ৩০ মিনিট নাগাদ সাফারি পার্কের শেল্টারে সন্তানের জন্ম দিয়েছে সে। নতুন অতিথিকে নিয়ে ভালুক বাবা-মা যেমন খুশি তেমনই আনন্দিত সাফারি পার্ক কর্তৃপক্ষ। তবে, ছোট্ট ভালুকছানাকে নিয়ে সাফারি পার্ক কর্তাদের উদ্বেগপর্ব এখনও কাটেনি।

গত ১০ বছরে এ রাজ্যে হিমালয়ান ব্ল্যাক বিয়ারের ক্যাপটিভ ব্রিডিং হয়নি বলেই দাবি করেছেন সাফারি পার্কের কর্তারা। আপাতত মা এবং সন্তান দুজনেই সুস্থ রয়েছে। তবে এখনও সদ্যোজাতকে মা ফুর্বু নিজের কাছ ছাড়া না করায় তার লিঙ্গ নির্ধারণ করা সম্ভব হয়নি। বনকর্তাদের প্রাথমিক ধারণা, স্ত্রী শাবকের জন্ম দিয়েছে ফুর্বু।

এখনও চোখ ফোটেনি ভালুক শাবকের। শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কের ডিরেক্টর কমল সরকার বলেন, 'মা এবং বাচ্চা দুজনেই সুস্থ রয়েছে। তবে তারা যাতে বিরক্ত না হয়, সেদিকে লক্ষ রাখা হচ্ছে। মা সবসময় বাচ্চাকে আগলে রাখছে।' ওয়েস্ট বেঙ্গল জু অথরিটির মেম্বার সেক্রেটারি সৌরভ চৌধুরী জানিয়েছেন, এক মাস পার হলে ভালুকের বাচ্চার লিঙ্গ নির্ধারণের বিষয়ে চিন্তাভাবনা করা হবে।

বছর পাঁচেক আগে দার্জিলিং চিড়িয়াখানা সংলগ্ন এলাকা থেকে হিমালয়ান ব্ল্যাক বিয়ার ধ্রুবকে উদ্ধার করা হয়। অন্যদিকে, সিকিম এলাকা থেকে ফুর্বুকে উদ্ধার করা হয়েছিল। এরপর দার্জিলিং চিড়িয়াখানায় কিছুদিন রাখা হয়েছিল ওই দুজনকে। সেখান থেকে দুজনকে শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে পাঠানো হয়।



সদ্যোজাত সন্তানকে আগলে রেখেছে ফুর্বু। শিলিগুড়ির বেঙ্গল সাফারিতে। শুক্রবার। ছবি : সূত্রধর

সঙ্গে জেনিফার নামে আরও একটি ভালুককেও পাঠানো হয় শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে। যে সময় ধ্রুব এবং ফুর্বুকে উদ্ধার করা হয়েছিল সেই সময় তাদের বয়স ছিল ১১ এবং ১৩ বছর। সাফারি পার্কে আনার পর এখানকার পরিবেশের সঙ্গে খাপ খাওয়াতে তাদের কিছুদিন সময় লেগে যায়। ২০১৯ সাল থেকেই দুজনের মধ্যে সখ্য তৈরি করতে তৎপর হয় সাফারি পার্ক কর্তৃপক্ষ। গত বছরের জুলাই মাসে ধ্রুব এবং ফুর্বুর মধ্যে মিলনের পর অগাস্টের মাঝামাঝি গর্ভবতী হয় ফুর্বু। ছয় মাসের গর্ভাবস্থা পার করার পর গত ২৭ মার্চ সন্ধ্যায় সাফারি পার্কের শেল্টারে সন্তানের জন্ম দেয় ফুর্বু। প্রথম তিন-চারদিন সন্তানের সেভাবে যত্ন নিচ্ছিল না ফুর্বু। তাই

চিন্তায় পড়ে গিয়েছিল পার্ক কর্তৃপক্ষ। কিন্তু এরপর থেকে সন্তানকে আর কোল ছাড়া করছে না দম্পতি। সবসময় কোলে কোলেই রাখছে সদ্যোজাতকে। নিয়মিত দুধপান করাচ্ছে ফুর্বু। পাশাপাশি নিজেও ঠিক সময়ে খাবার খাচ্ছে। এই মুহূর্তে ফুর্বুকে বিভিন্ন ধরনের ফল খেতে দেওয়া হচ্ছে। পাশাপাশি দুধ, ছাতু, গুড়, মধু, কলা দিয়ে শেক বানিয়ে খেতে দেওয়া হচ্ছে। গরম বেশি থাকায় ডায়েটে প্রচুর জল এবং তরমুজ জাতীয় খাবারও দেওয়া হচ্ছে। শেল্টারের সামনে এয়ার কুলার বসানো হয়েছে। শরীর ঠান্ডা রাখার জন্য স্নানের জল এবং বরফ দেওয়া হচ্ছে।

বাঘের পর ভালুকের ক্যাপটিভ ব্রিডিংয়ে সফল হওয়ায় সাফারি পার্কে

স্থায়ী প্রজননকেন্দ্র চালু করারও দাবি উঠেছে। শিডিউল তালিকায় 'ভালনারেবল' হিসাবে চিহ্নিত হিমালয়ান ব্ল্যাক বিয়ার। তার প্রজনন সফল হওয়ায় সাফারি পার্কের কর্তারা এই স্বীকৃতির জন্য জোরদার তদ্বির করছেন রাজ্যের মাধ্যমে।

এদিকে, ফুর্বু এবং সন্তানের মধ্যে যাতে কোনওরকম সংক্রমণ না ছড়ায় তার জন্যে বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। যারাই খাবার দিতে যাচ্ছে বা ভিতরে স্বাস্থ্য পরীক্ষায় যাচ্ছে তাদের নিজেকে স্যানিটাইজ করে যেতে হচ্ছে। আপাতত ফুর্বুকে জনসমক্ষে আনা হচ্ছে না। সাফারির জন্য ধ্রুব এবং জেনিফারকেই রাখা হবে বলে পার্ক কর্তৃপক্ষ জানিয়েছে।

শিশু

তদন্তে

অপ

পু

রণ

শিলিগুড়ি,

চুরির দেড় দি

ঘটনার কোনও

বৃহস্পতিবার

গাড়িতে করে

কোলে নিয়ে

সেই ঘটনার স

কোনও যোগস

জানিয়েছে। তা

প্রসূতি বিভা

ক্যামেরার ফু

যেখানে দেখা

নার্সদের সাম

কোলে নিয়ে

যাচ্ছেন। নার্স

কোলে সদ্যো

আটকালেন না

বাঁধছে।

ওয়ার্ডের

বেসরকারি

থেকে সরিয়ে

ওই সংস্থার

করেছেন হা

বাকিদের বিক

মার্বেল, ট

দাগের

মার্বেল

মার্বেল

AN ISO 9001-20

Trade E

হবে না,

দিনভর সু

বিক্ষোভ নে

এই বিক্ষে

অফিসের

লাটে ওঠে

বহু মানুষ

ফিরে যেতে

বৃহস্প

বিভাগ

রঞ্জিতা সি

চুরি করে এ

হতেই পু

ফুটেজ খতি